# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 APRIL 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) আগামী ১০ বছরে নতুন আসমের নেতৃত্ব গ্রহণ করার জন্য ছাত্র ছাত্রীদের প্রস্তুত করে তুলতে গৌহাটী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার আহ্বান ।

২) পঞ্চায়েত নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলির প্রচার অভিযান তুংগে ।

৩) বরাক উপত্যকার পঞ্চায়েত নির্বাচনী প্রচারে অংশ নিতে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আগামীকাল প্রথমে শ্রীভূমিতে ।

এবং

৪) কবি- সাহিত্যিক পার্থপ্রতিম মৈত্রের শেষকৃত্য আজ কলকাতায় বেলগাছিয়ায় কাশিমিত্র ঘাট শ্মশানে।

---

আগামী ১০ বছরে নতুন আসামের নেতৃত্ব নিজেদের হাতে তুলে নেওয়ার জন্য ছাত্র ছাত্রীদের প্রস্তুত করে তুলতে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গৌহাটী বিশ্ববিদ্যালয়ে আহ্বান জানিয়েছেন ।ঐতিহ্যমন্ডিত গৌহাটী বিশ্ববিদ্যলয়ের বত্রিশতম সমাবর্তনে ভাষন দেবার সময় মুখ্যমন্ত্রী একথা বলেন । তিনি বলেন যুবশক্তি বিকশিত আসামের দৃষ্টিভংগীকে এগিয়ে নিয়ে যাবে ও এর জন্য তাদের হাতে থাকা উৎকৃষ্ট সুযোগসমূহের সদব্যবহার করা তথা প্রয়োজনীয় শিক্ষার জন্য সব সুযোগ সুবিধা প্রদান করা হবে ।

---

আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলির প্রচার অভিযান তুংগে উঠেছে । বিজেপির তারকা প্রচারক তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সণোয়াল বিজেপি মিত্রজোটের প্রার্থীর সমর্থনে আজ মাজুলীতে প্রচার অভিযানে অংশ নেন । শ্রী সণোয়াল গ্রামীন অর্থনীতির ভিত সবলীকরণের লক্ষে পঞ্চায়েত নির্বাচনে সঠিক সিদ্ধান্ত গ্রহণের জন্য জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন । এছাড়া কেন্দ্রীয় মন্ত্রী জেলা বিজেপির কার্যালয়ে আয়োজিত দলীয় কর্মীদের সংগে এক বিশেষ সাংগঠনিক সভায় মিলিত হন ।শ্রী সণোয়াল আজ শিবসাগর জেলার রুদ্রসাগরে অন্য আরেকটি প্রচার সভায় অংশ গ্রহণ করেন ।বিজেপি মিত্রজোটের দ্বৈত ইঞ্জিন সরকারের কল্যাণকামী পদক্ষেপগুলি সকল স্তরের জনসাধারণকে উপকৃত করে গ্রামাঞ্চলে নতুন দিগন্তের সূচণা করেছে বলে শ্রী সণোয়াল মন্তব্য করেন ।

বরাক উপত্যকার তিন জেলায় ও অভিভাবক মন্ত্রীরা সহ দলীয় বিধায়ক , আন্যান্য কর্মী সমর্থকরা প্রচার অভিযান অব্যাহত রেখেছেন ।

---

আজ রাজ্যের কেবিনেট মন্ত্রী কৃষ্ণেন্দু পাল হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের অধীনের ৫টি স্থানে অসম গণপরিষদ ও বিজেপি প্রার্থীর জন্য প্রচার চালান। তিনি ঘাড়মুড়া বাজার, জামিরা, হরিশনগর এবং কাটলীছড়ায় দলীয় প্রার্থীর জন্য নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করেন।

---

এদিকে পঞ্চায়েত নির্বাচনের প্রচার অভিযানে অংশ নিতে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আগামীকাল বরাক উপত্যকা সফরে আসছেন । আগামীকাল সকাল ১০ টায় শ্রীভূমি জেলার নিলামবাজার স্বামী বিরজানন্দ স্কুলের খেলারমাঠে আয়োজিত নির্বাচনী জনসভায় ভাষন দেবেন ।মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , বিধায়ক বিজয় মালাকার জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী ইতিমধ্যে সভাস্থল সরজমিনে খতিয়ে দেখেন ।

কাছাড় জেলায় প্রচারে অংশ নিতে আগামীকাল মুখ্যমন্ত্রী ড: শর্মা উধারবন্দের হাতিছড়া চা বাগানের মাঠে আয়োজিত নির্বাচনী জনসভায় ভাষন দেবেন ।

এদিকে জেলায় নির্বাচনী প্রচারে অংশ নিতে সর্বভারতীয় কংগ্রেস কমিটির সম্পাদক পৃথীরাজ শাঠে দুদিনের সফরসূচি নিয়ে শিলচর এসে পৌচেছেন ।আজ বিকেলে তিনি দলীয় কর্মী নেতাদের সংগে এক সাংগঠনিক সভায় অংশ নেন । এবং আগামীকাল তিনি কাটিগড়ার বাবুর বাজারে নির্বাচনী প্রচারে অংশ নেবেন ।

---

আসন্ন পঞ্চায়েত নির্বাচনে কাছাড় জেলায় আর্থিক স্বচ্ছতা বজায় রাখার জন্য নির্বাচন কমিশনের সহকারী হিসাব পর্যবেক্ষক এবং নোডাল অফিসারের তত্বাবধানে গঠিত হিসাব পরীক্ষকদের দল জেলা পরিষদ ও আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদপ্রার্থীদের দ্বিতীয় ও

তৃতীয় দুটি পর্যায়ে আয় ব্যয়ের হিসাব খতিয়ে দেখবেন । ২৮ ও ২৯ শে এপ্রিল সকাল সাড়ে ১০ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত শিলচরের জেলা কৃষি আধিকারিকের কার্যালয়ে এই পরীক্ষা চলবে । ৩০ শে এপ্রিল একইস্থানে একইসময়ে খরচের হিসাব পরীক্ষা করা হবে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে আগামীকাল ও আগামী রবিবার জেলার ভোটকর্মীদের দ্বিতীয় পর্যায়ে দলবদ্ধ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে । দুদিন দু শিফটে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে ।প্রথম শিফটে সকাল ১০ টা থেকে বিকেল দুপুর ১ টা এবং দ্বিতীয় শিফটে দুপুর দড়টা থেকে  বিকেল সাড়ে ৪টে পর্যন্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে ।

এদিকে শ্রীভূমির  জেলা মেজিস্ট্রেট এক আদেশে জেলার সব লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্রের মালিকদের তাৎক্ষণিকভাবে তাদের আগ্নেয়াস্ত্র সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার নির্দেশ জারি করছেন । তবে কিছু প্রতিষ্ঠান পাওয়ার গ্রিড কর্পরেশন , বেংক ইত্যাদি সংস্থার নিরাপত্তা কর্মীদের এই আদেশের বাইরে রাখা হয়েছে ।আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ি ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় পঞ্চায়েত নির্বাচনে কর্মরত সরকারী কর্মচারীদের জন্য পোস্টাল ব্যালট পেপারে ভোটদানের ব্যবস্থা করা হয়েছে ।যারা ইতিমধ্যে পোস্টাল ব্যালট পেপারের জন্য আবেদন জমা দিয়েছেন তারা আগামী ২৭ শে এপ্রিল থেকে ৩০ শে এপ্রিল পর্যন্ত প্রতিদিন সকাল ১০ টা থেকে বিকেল ৫ টার মধ্যে চক্র আধিকারীকের কার্যালয়ে পোস্টাল ব্যালটে ভোটদান করতে পারবেন ।এছাড়া যারা ঐ সময়ে ভোটদান করতে পারবেননা তাদের জন্য আগামী পয়লা মে ভোট সামগ্রী বন্টন কেন্দ্র এস এস কলেজে সকাল ১০ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত  ভোট দান করা যাবে ।

-----------------------------------------------------------------------------------

পহেলগামে সংগঠিত সন্ত্রাসবাদী ঘটনার মুখোমুখী হোয়া শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক দেবাশিষ ভট্টাচার্য তিনি তার পরিবারের সংগে আজ শিলচর এসে পৌচেছেন ।শিলচর পৌছে সেই ঘটনার ভয়াবহ ও তিক্ত অভিজ্ঞতার কথা অধ্যাপক শ্রী ভট্টাচার্য আমাদের আকাশবানীর সংবাদদাতাকে জানান  । তিনি বলেন পর্যটনস্থলে নিরাপত্তার তেমন কঠোর ব্যবস্থা না থাকলে ও স্থানীয় জনসাধারণ , হোটেল কতৃপক্ষ এমনকি অটোচালকের সেইসময়ে সহায়তায় তিনি আপ্লুত ।আসাম সরকার ও পরিবার নিয়ে ফিরে আসার সময় প্রয়োজনীয় সহায়তা করেছে বলে তিনি জানান । উল্লেখ্য গত ২২

শে এপ্রিল পহেলগামে সন্ত্রাসবাদীরা ২৬ জনকে গুলি করে হত্যা করেছিল ।শ্রী ভট্টাচার্য এসম্পর্কে বলেন ---

বাইট

-------------------------------------------------------------------------------------------

এদিকে পহেলগামে সংগঠিত ভয়াবহ ঘটনার তীব্র নিন্দা জানিয়েছে শিলচর বর মসজিদ কমিটি ।আজ জুম্মার নামাজের সময় বর মসজিদে মুসলমান সম্প্রদায়ের লোকেরা কালো বেজ পরিধান করে ও প্লেকার্ড হাতে নিয়ে প্রতিবাদ কার্যসূচী পালন করেন ।কমিটির সভাপতি আমিনুল হক লস্কর বলেন পহেলগামের মতো এই পবিত্র ও শান্তিপ্রিয় পর্যটনস্থলে বর্বরচিত এই আক্রমণ কোনোভাবেই গ্রহণযোগ্য নয় । কেন্দ্রীয় সরকারের কাছে পর্যটকদের নিরাপত্তা সুনিশ্চিত করতে কমিটির পক্ষ থেকে দাবী জানানো হয় ।

-------------------------------------------------------------------------------------------

প্রখ্যাত কবি সাহিত্যিক পার্থপ্রতিম মৈত্রের শেষকৃত্য আজ কলকাতার বেলগাছিয়ার কাছে কাশি মিত্রঘাট শ্মশানে সম্পন্ন করা হচ্ছে । উল্লেখ্য গতকাল রাতে তিনি কলকাতার একটি বেসরকারী হাসপাতালে শেষ নিঃশ্বাষ ত্যাগ করেন ।বয়স হয়েছিল ৬৪ । তিনি দীর্ঘদিন ধরে যকৃতের রোগ সহ অন্যান্য জটিল রোগে আক্রান্ত ছিলেন ।প্রয়াত কবি সাহিত্যিক পার্থপ্রতিম মৈত্র জীবনের প্রথম পর্যায়ে বদরপুরে বসবাস করলেও বিগত বেশ কয়েক বছর যাবৎ তিনি কলকাতায় বসবাস করছিলেন । বরাক উপত্যকার ভাষা আন্দোলন সহ অন্যান্য বিভিন্ন প্রতিবাদী কর্মসূচীতে তিনি অগ্রণী ভূমিকা পালন করেন ।তাঁর লেখা মৌলিক প্রবন্ধ , গদ্য , বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছে ।সিনেমা ও নাট্য বিশ্লেষণেও তিনি পারদর্শী ছিলেন ।বরাক উপত্যকার চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে পথিকৃৎ হিসেবে সুপার এইট আঙ্গিকে তিনি ‘আসরাফ আলীর স্বদেশ ’নামক চলচ্চিত্র নির্মাণ করেছিলেন । তাঁর প্রয়ানে উপত্যকার সাহিত্য , সংস্কৃতি ও বৌদ্ধিক মহলে শোকের ছায়া নেমে এসেছে । লিটল ম্যাগাজিন প্রতিশ্রুতের প্রতিষ্ঠাতা পার্থপ্রতিম মৈত্রের সহযোগী তথা ম্যাগাজিনের বর্তমান সম্পাদক সুজিৎ কুমার দাস তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে বলেন ---- বাইট

-------------------------------------------------------------------------------------------

সামাজিক মাধ্যমে পহেলগাম সন্ত্রাসবাদী আক্রমণের ঘটনা সম্পর্কে বিতর্কিত মন্তব্য করার অভিযোগে শ্রীভূমি থেকে প্রকাশিত একটি দৈনিক পত্রিকার সাংবাদিক মহম্মদ জাবীর হুসেনকে গ্রেপ্তার করা হয়েছে ।এই ঘটনায় প্রতিক্রিয়া ব্যক্ত করে মুখ্যমন্ত্রী ডঃ

হিমন্ত বিশ্বশর্মা নিজের এক্স হ্যান্ডেলে স্পষ্ট করে দেন যে পাকিস্তানকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সমর্থনকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ি ব্যবস্থা গ্রহণ করা হবে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আজ বিশ্ব ম্যালেরিয়া দিবস উপলক্ষ্যে বিভিন্ন কার্য্যসূচীর আয়োজন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ করিমগঞ্জ সিভিল হাসপাতাল প্রাঙ্গন থেকে একটি সচেতনতা মূলক পদযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে । জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং এই পদযাত্রার উদ্বোধন করেন । বিশ্ব ম্যালেরিয়া দিবস উপলক্ষ্যে আজ ব্লক স্তরে সচেতনতামূলক সভা , পদযাত্রা , মশারি বিতরন শিবির , ঘরে ঘরে গিয়ে জ্বর পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------